

কুয়েট উপাচার্যকে লাঞ্ছিত করায় বেরোবি উপাচার্যের নিন্দা প্রকাশ

বেরোবি প্রতিনিধি:

প্রকাশিত: ২৩:৩৫, ২৪ ফেব্রুয়ারি ২০২৫



ছবি: উপাচার্য ড. শওকত আলী, সংগৃহীত

সম্প্রতি খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) উপাচার্যকে শারীরিকভাবে লাঞ্ছিত করার ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে তীব্র প্রতিবাদ ও নিন্দা জানিয়েছেন বেগম

রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) উপাচার্য প্রফেসর ড. মোঃ শওকাত আলী।



গত ১৮ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সংঘটিত অনাকাঙ্ক্ষিত সহিংসতার জের ধরে একদল শিক্ষার্থী উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ মাসুদকে শারীরিকভাবে লাঞ্চিত করে। আজ সোমবার (২৪ ফেব্রুয়ারি ২০২৫) এক বিবৃতিতে উপাচার্য বিশ্বয় প্রকাশ করে বলেন, একজন বরণ্য শিক্ষাবিদ ও সম্মানিত উপাচার্যকে প্রকাশ্যে লাঞ্চিত ও অপমানিত করা সভ্য সমাজে কোনোভাবেই কাম্য নয়।

উপাচার্য প্রফেসর ড. মোঃ শওকাত আলী মনে করেন, উপাচার্যকে শারীরিকভাবে লাঞ্চিত ও নিগৃহীত করা কঠোর শাস্তিযোগ্য অপরাধ। বিবৃতিতে তিনি আরো বলেন, ২০২৪ এর ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের পর বিশ্ববিদ্যালয়গুলোতে উপাচার্য নিয়োগের ক্ষেত্রে বর্তমান অন্তর্বর্তী সরকার দেশের সৎ, যোগ্য ও বরণ্য শিক্ষাবিদদের বাছাই করে এক অভ্যুত্থানপূর্ব দৃষ্টান্ত স্থাপন করেছেন। শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে উপাচার্যবৃন্দ জুলাই বিপ্লবের চেতনা ধারণ ও বাস্তবায়নে যখন দিন-রাত পরিশ্রম করে যাচ্ছেন, ঠিক সেই সময়ে উপাচার্যের উপর এই হামলা ফ্যাসিস্ট ও তাদের দোসরদের পুনর্বাসনের অপচেষ্টার শামিল।

প্রফেসর ড. মোঃ শওকাত আলী খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের ওপর হামলা এবং লাঞ্ছিত করার ঘটনার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের দাবি জানান। একইসাথে বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে যে কোনো সমস্যা সমাধানে সব পক্ষের সঙ্গে আলোচনার পরামর্শ প্রদান করেন।